# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩৪২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪১. দ্বিতীয় অনুচ্ছেদ - সফরের সালাত

## আরবী

وَعَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ قَالَ: غَزَوْتُ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَشَهِدْتُ مَعَهُ الْفَتْحَ فَأَقَامَ بِمَكَّةَ ثَمَانِيَ عَشْرَةَ لَيْلَةً لَا يُصَلِّي إِلَّا رَكْعَتَيْنِ يَقُولُ: «يَا أَهْلَ الْبَلَدِ صَلُّوا أَرْبَعًا فَإِنَّا سَفْرٌ» . رَوَاهُ أَبُو دَاوُدَ

## বাংলা

১৩৪২-[১০] ’ইমরান ইবনু হুসায়ন (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে অনেক যুদ্ধে অংশগ্রহণ করেছিলাম। মক্কা বিজয়ের সময়ও তাঁর সাথে ছিলাম। এ সময়ে তিনি আঠার দিন মক্কায় অবস্থানরত ছিলেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) চার রাক্’আতবিশিষ্ট সালাত দু’ রাক্’আত আদায় করছিলেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, হে শহরবাসীরা! তোমরা চার রাক্’আত করেই সালাত (সালাত/নামায/নামাজ) আদায় কর। আমি মুসাফির (তাই দু’ রাক্’আত আদায় করছি)। (আবূ দাঊদ)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ১২২৯। কারণ এর সানাদে ‘আলী ইবনু যায়দ ইবনু জাদ‘আন একজন সমালোচিত রাবী। অধিকন্তু এ বর্ণনার ثَمَانِيَ عَشْرَةَ অংশটুকু মুনকার।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে দলীল হলো যে, মুসাফির ব্যক্তি যখন মুক্বীমদের ইমাম হবে এবং চার রাক্‘আত বিশিষ্ট সালাতে দু’ রাক্‘আত পড়ে সালাম ফিরবে তখন মুক্বীমরা মক্কাবাসীদের ন্যায় সালাত পূর্ণ করবে এবং এ ব্যাপারে ইজমা রয়েছে। আর সালাম ফেরার পর মুক্তাদীদের উদ্দেশে।

‘‘তোমরা সালাত পূর্ণ করো’’ এমন কথা বলা মুস্তাহাব। ইবনু ‘আবদুল বার (রহঃ) বলেন যে, মুসাফির যখন মুক্বীমদের সাথে সালাত আদায় করবে এবং দু’ রাক্‘আত শেষে সালাম ফিরবে তখন মুক্তাদীগণ সালাত পূর্ণ করবে, এ ব্যাপারে কোন ইখতিলাফ নেই।

আল্লামা শাওকানী (রহঃ) বলেন, মুসাফিরদের সাথে মুক্বীমদের সালাত পূর্ণ করা বৈধ এ ব্যাপারে ইজমা রয়েছে। তবে এর বিপরীতে মত-পার্থক্য রয়েছে। অর্থাৎ মুক্বীম ইমামের মুসাফির ব্যক্তি সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলে তার জন্য ক্বসর করা সঠিক হবে কি-না। এ ব্যাপারে তাউস, দাঊদ, শা‘বী এবং অন্যান্যদের মতে তা সঠিক হবে না। কারণ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমাদের ইমামের বিপরীত করো না। তবে হানাফী ও শাফি‘ঈ মাযহাবীদের নিকট তা সঠিক। কারণ মুসাফিরের জামা‘আতে সালাতের দলীল জোরালো নয়।

তবে মুসাফির ব্যক্তির মুক্বীমদের সাথে জামা‘আতবদ্ধভাবে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করার প্রমাণ রয়েছে, ইবনু ‘আব্বাস (রাঃ) হতে বর্ণিত,

ما بال المسافر يصلي ركعتين إذا انفرد وأربعا إذا ائتم بمقيم؟ فقال: تلك السنة

অর্থাৎ তাকে জিজ্ঞেস করা হলো যে, তারা এককভাবে দু’ রাক্‘আত আদায় করে এবং মুক্বীমের সাথে পূর্ণ সালাত চার রাক্‘আত আদায় করে কেন? তিনি বললেনঃ তা সুন্নাত।

অন্য শব্দে রয়েছে যে, মূসা ইবনু সালামাহ্ (রাঃ) তাকে বললেন, যখন আমরা আপনাদের সাথে সালাত আদায় করি তখন চার রাক্‘আত আদায় করি, আর যখন আমরা ফিরে যাই (একাকী আদায় করি) তখন দু’ রাক্‘আত সালাত আদায় করি। তিনি বললেন, সেটা আবুল ক্বাসিম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর সুন্নাত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55902

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন